

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ২৬, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-১ শাখা

আদেশ

তারিখ, ১০ আগস্ট ১৪০৮বাৎ/২৫ সেপ্টেম্বর ২০০১ইং

এস, আর, ও নং ২৭২-আইন/২০০১—যেহেতু যুক্তরাজ্য, বেলজিয়াম, ডেনমার্ক, ফ্রান্স, রিপাবলিক অব আয়ারল্যান্ড, লিচেনষ্টাইন, লুক্সেমবুর্গ, নেদারল্যান্ড, পর্তুগাল, সুইজারল্যান্ড, জামানী এবং স্পেনে ম্যাডকাউ ও ফুট এন্ড মাউথ রোগ এর প্রাদুর্ভাব দেখা দিয়াছে;

এবং যেহেতু সরকার উক্ত রোগের কারণে উল্লিখিত দেশসমূহ হইতে জীবিত গরু, মেষ ও ছাগল এবং উহাদের কাঁচা, হিমায়িত, প্রক্রিয়াজাত মাংস এবং সীমেন আমদানি নিষিদ্ধ করার জন্য সিদ্ধান্ত প্রণয়ন করিয়াছেন;

সেহেতু Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্রমতাবলে সরকার, যুক্তরাজ্য, বেলজিয়াম, ডেনমার্ক, ফ্রান্স, রিপাবলিক অব আয়ারল্যান্ড, লিচেনষ্টাইন, লুক্সেমবুর্গ, নেদারল্যান্ড, পর্তুগাল, সুইজারল্যান্ড, জামানী এবং স্পেন হইতে জীবিত গরু, মেষ ও ছাগল এবং উহাদের কাঁচা হিমায়িত, প্রক্রিয়াজাত মাংস এবং সীমেন আমদানি নিষিদ্ধ করিল। তবে উক্ত দেশসমূহ বাতীত অন্যান্য দেশ হইতে উল্লিখিত পণ্যাদি আমদানির ক্ষেত্রে জাতীয় রাজীব বোর্ড অনুমোদিত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্টেফিকেট কান্ট্রি অব অরিজিন "সংক্রান্ত সার্টিফিকেট পদ্ধা ধালাসের সময় ওক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশসম্মত

মোঃ আকরাম হোসেন
উপ-সচিব (আই আই টি-২)

আবদুর রহিমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৯৪৪৩)

মূল্য : টাকা ১.০০